দর্শনার গড়াইটুপি ব্রীজ মোড় থেকে ৩ মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনার গড়াইটুপি ব্রীজ মোড়ে অভিযান চালিয়েছে তিতুদহ ক্যাম্প পুলিশ। এ অভিযানে প্রায় ১ হাজার পিচ ইয়াবাসহ গ্রেফতার করেছে ৩ মাদক ব্যবসায়ীকে।

গ্রেফতারকৃতরা হলেন চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার মেদেনিপুর গ্রামের মনিরুদ্দিনের ছেলে হাকিম (২৯) একই গ্রামের সামাদ আলীর ছেলে হাসিবুর (২৮) ও উথলী ইউনিয়নের সিংহনগর গ্রামের সামসুদ্দিনের ছেলে ওয়াসিম (২৭)।

পুলিশ জানায়, রোববার দুপুরে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীবের নির্দেশনায় চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ব্রীজ মোড়ের রাস্তার উপর মাদক বিরোধী অভিযান চালায় তিতুদহ ক্যাম্প পুলিশ।

এসময় উক্ত স্থানে ৩ জনের দেহ তল্লাশী করে ৯৯০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ তাদেরকে গ্রেফতার করেন।

দর্শনার তিতুদহ ক্যাম্প ইনচার্জ এস,আই আনোয়ারুল ইসলাম জানান, দুপুর দেড় টার দিকে ৪/৫ জন লোক স্থানীয় গড়াইটুপি মোড় দিয়ে যাওয়ার সময় পুলিশ দেখে পালানোর চেস্টা করে।

এ সময় পুলিশ ৩ জনকে ধরে ওদের দেহ তল্লাশি করে ৯৯০পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা সহ তাদেরকে গ্রেফতার করা হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের সহ তাদেরকে আদালতে প্রেরনের প্রক্রিয়াধীন রয়েছে।